# আজ শিরোপার লড়াই, এল ক্লাসিকোতে মুখোমুখি রিয়াল-বার্সা




সংগৃহীত ছবি

বছরের প্রথম এল ক্লাসিকোয় আজ মুখোমুখি হচ্ছে রিয়াল মাদ্রিদ ও বার্সেলোনা। রোববার (১১ জানুয়ারি) দিবাগত রাত ১টায় জেদ্দার কিং আবদুল্লাহ স্টেডিয়ামে স্প্যানিশ সুপার কাপের ফাইনালে লড়বে দুই চিরপ্রতিদ্বন্দ্বী।

রিয়ালের জন্য বড় খবর, চোট কাটিয়ে অনুশীলনে ফিরেছেন কিলিয়ান এমবাপ্পে। তবে ফাইনালে তার খেলা এখনো নিশ্চিত নয় বলে জানিয়েছেন কোচ আলনসো। অন্যদিকে দুর্দান্ত ফর্মে থাকা বার্সেলোনা আত্মবিশ্বাসী ছন্দেই মাঠে নামছে।

গত বছর সুপার কাপে রিয়ালকে হারিয়ে শিরোপা জিতেছিল বার্সা। যদিও তার আগের বছরগুলোতে আধিপত্য ছিল মাদ্রিদের। এবারের ফাইনালেও সেই ঐতিহ্যবাহী উত্তাপের লড়াই দেখার অপেক্ষায় ফুটবলপ্রেমীরা।

সাম্প্রতিক এল ক্লাসিকোতে বার্সার রেকর্ড ভালো। শেষ পাঁচ ম্যাচের চারটিতেই তারা জয় পেয়েছে। সব প্রতিযোগিতা মিলিয়ে টানা নয় ম্যাচ জিতে উড়ন্ত ফর্মে রয়েছে কাতালানরা।

বার্সার ডিফেন্ডার এরিক গার্সিয়া বলেন, এই শিরোপা তরুণ দলটির আত্মবিশ্বাস আরও বাড়িয়ে দেবে। অন্যদিকে রিয়াল অধিনায়ক দানিয়েল কারভাহাল জানিয়ে দিয়েছেন, বড়দিনের বিরতির পর দল নতুন উদ্যমে ফিরেছে এবং ফাইনালে সর্বোচ্চটা দিতেই প্রস্তুত তারা।

গত মৌসুমে লা লিগা, কোপা দেল রে ও সুপার কাপে বার্সার দাপট ছিল। এবার সেই হিসাব বদলাতে চায় রিয়াল। রাতের এল ক্লাসিকোতেই মিলবে উত্তরের ঝলক।